

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
সিআর-৩ শাখা  
[www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)

নং- ০৫.০০.০০০০.১০২.৪৫.০০৬.২৩-৬৫


তারিখঃ ০৭ অগ্রহায়ণ, ১৪৩০  
২২ নভেম্বর, ২০২৩

**বিষয়: ১০ম-২০তম গ্রেড পর্যন্ত কর্মকর্তা/কর্মচারীদের গোপনীয় অনুবেদন ফর্ম এবং '১০ম-২০তম গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের জন্য গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২৩' জারিকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ১০ম-১২তম গ্রেড এর গোপনীয় অনুবেদন ফর্ম 'বাংলাদেশ ফর্ম নং ২৯০-ক' ও ১৩তম-১৬তম গ্রেড এর গোপনীয় অনুবেদন ফর্ম 'বাংলাদেশ ফর্ম নং ২৯০-খ (সংশোধিত)' এবং '১৬তম গ্রেড হতে ১০ম গ্রেডভুক্ত তথা পূর্বতন দ্বিতীয় ও তৃতীয় শ্রেণির কর্মকর্তা/কর্মচারীদের জন্য গোপনীয় অনুবেদন সংক্রান্ত অনুশাসনমালা' বাতিলক্রমে গোপনীয় অনুবেদন ফর্ম ১০ম-১২তম গ্রেড এর জন্য 'বাংলাদেশ ফর্ম নং ২৯০-ক (২০২৩ পর্যন্ত সংশোধিত)' ও ১৩-১৬তম গ্রেডের জন্য 'বাংলাদেশ ফর্ম নং ২৯০-খ (২০২৩ পর্যন্ত সংশোধিত)', ১৭-২০তম গ্রেডের জন্য 'বাংলাদেশ ফর্ম নং ২৯০-ঙ (২০২৩)' ও গাড়ীচালকদের জন্য 'বাংলাদেশ ফর্ম নং ২৯০-চ (২০২৩)' এবং '১০ম-২০তম গ্রেডভুক্ত কর্মকর্তা/কর্মচারীদের জন্য গোপনীয় অনুবেদন অনুশাসনমালা-২০২৩' (কপি সংযুক্ত) জারি করা হলো।

০২। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্ত: বর্ণনানুসারে (২০ পাতা)।

  
২২/১১/২০২৩  
(মোঃ মেহেদী-উল-সহিদ)  
যুগ্মসচিব (সিআর)  
ফোন- ৫৫১০০৭৪৬  
crbr@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

(সদয় অবগতি, প্রয়োজনীয় কার্যক্রম ও অধীনস্থ/সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অবহিত করার বিনীত অনুরোধসহ)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব/সচিব (সকল),..... মন্ত্রণালয়/বিভাগ।
৩. রেক্টর, বিপিএটিসি, সাতার/বিসিএস প্রশাসন একাডেমি, শাহবাগ, ঢাকা।
৪. মহাপরিচালক, .....
৫. বিভাগীয় কমিশনার (সকল),.....।
৬. অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৭. জেলা প্রশাসক (সকল),.....।
৮. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী/উপমন্ত্রীগণের একান্ত সচিব (সকল),..... মন্ত্রণালয়/বিভাগ।
৯. সিনিয়র সচিব এর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।

[অতিরিক্ত গেজেটে প্রকাশের জন্য এবং গেজেটের ১০০০ (এক হাজার) কপি প্রেরণের অনুরোধসহ]।

১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।